



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-৫৪/ ২০৪৪৬

তারিখঃ ৩০/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-৫৪/২০১৮/৬; তারিখঃ ৩১/০৮/২০১৭খ্রিঃ  
২) নং-সংস্বা/বা.মা.শি.বো./আপিল-২৭/১১/৩৩৯; তারিখঃ ১৬/০২/২০১২ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার কয়রা উপজেলাধীন কালনা মহিলা দাখিল মাদ্রাসার সুপার (সাময়িক বরখাস্ত) জনাব মুহাঃ শাহবাজ হোসেন সুপার পদে বহাল ও বেতন ভাতাদি পাওয়ার জন্য আবেদন করেছেন। অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, জনাব মুহাঃ শাহবাজ হোসেন এর চাকুরী থেকে অপসারণের বিষয়টি বোর্ডের ২৮/০৩/২০১১খ্রিঃ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা পূর্বক সর্বসম্মতিক্রমে চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন না করে বকেয়া বেতন-ভাতাদি প্রদানের সুপারিশসহ সুপারকে চাকুরীতে পূর্ণবহালের সিদ্ধান্ত গৃহীত হয়।

উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত সুপার জনাব মুহাঃ শাহবাজ হোসেনকে চাকুরীতে যোগদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে বোর্ডকে অবহিত করার জন্য সূত্রে উল্লিখিত ২নং স্মারকে চূড়ান্ত তাগিদপত্র দেয়া হয়। উল্লেখ্য, ইতোপূর্বে ১৬/০৬/২০১১ ও ২৪/০৮/২০১১খ্রিঃ তারিখে একই বিষয়ে তাগিদপত্র প্রেরণ করা হয়েছিল। কিন্তু ম্যানেজিং কমিটি কর্তৃক তা বাস্তবায়ন করা হয়নি মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

বোর্ডের আদেশ অমান্য করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে ম্যানেজিং কমিটির সভাপতি/সদস্যবৃন্দ ও সুপার (ভারপ্রাপ্ত)কে কারণ দর্শানো হয়। কারণ দর্শানোর প্রেক্ষিতে কোন জবাব পাওয়া যায়নি বিধায় বিদ্যমান ম্যানেজিং কমিটি ভেঞ্চে দেয়ার বিষয়ে তাদের কোন বক্তব্য নেই মর্মে বোর্ড কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

বর্ণিত অবস্থায় বোর্ডের আদেশ অমান্য করায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং-বামাশিবো/প্রশা/১৭৪৮/২/নথি নং-খুলনা-৫৪; তারিখঃ ১০/১০/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান  
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ- ভেঞ্চে দেয়া ম্যানেজিং কমিটি, কালনা মহিলা দাখিল মাদ্রাসা, কয়রা, খুলনা।  
২) সুপার (ভারপ্রাপ্ত), কালনা মহিলা দাখিল মাদ্রাসা, কয়রা, খুলনা।

নং-বামাশিবো/প্রশাসন/খুলনা-৫৪/ ২০৪৪৬

তারিখঃ ৩০/১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কয়রা, খুলনা।
২. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কয়রা, খুলনা।
৪. জনাব মুহাঃ শাহবাজ হোসেন, সুপার (সাময়িক বরখাস্ত), কালনা মহিলা দাখিল মাদ্রাসা, কয়রা, খুলনা।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোনঃ ৯৬৭৪৮৭৪